দামুড়হুদার নতিপোতা আদালতের আদেশ অমান্য করে জোর পূর্বক ঘর নির্মান

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার নতিপোতার ইউনিয়নের কালিয়া বকরি গ্রামে বিজ্ঞ আদালতের আদেশ অমান্য করে জোর পূর্বক ঘর নির্মানের অভিযোগ উঠেছে।

জানা গেছে, কালিয়া বকরি গ্রামে সহিরদ্দী মন্ডলের ছেলে আজিমুদ্দীনের শরিকানা জমি জোর পূর্বক একই গ্রামের ক্ষুদার্ত বক্সের ছেলে হারুন জোর করে দখল করে ঘর নির্মান করছে। হারুনের শরিকানা জমি ৪১ নং রুদ্রপুর মজার ২৬৭০ দাগে হলেও তিনি ২৬৭১ দাগে ১৪৩ নং খতিয়ানে আজিমুদ্দীনের ২ শতক ভিটা জমি দখল করে ঘর নির্মান করছে।আজিমুদ্দীনের ভাই মজিবার জানান আমার ভাই বাইরে থাকে সে তার অংশের জমি ফেলে রেখেছে এ সুযোগে হারুন জমিটি জোর করে দখলে নিয়ে ঘর করছে।

এ ঘটনায় আজিমুদ্দীনর স্ত্রী ছালমা খাতুন চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা ম্যাজিষ্ট্রেট আদালতে মামলা করেন। যার পিটিশন নং ২৮৩/২৩। বিজ্ঞ আদালত মামলা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত উভয় পক্ষকে নালিশি জমিতে শান্তি শৃঙ্খলা বজায় রাখা আদেশ প্রদান করলে হারুন গং জোর পূর্বক জমিটি দখলে নিয়ে ঘর নির্মান করছে। এতে করে জমি টকে কেন্দ্র করে যে কোন মূর্হুতে রক্তক্ষয়ী সংঘর্ষ হতে পারে। মজিবার জানান হারুন সহ তার ছেলে আমাদের হুমকি দিচ্ছে। আমরা চরম আতংকে দিন পার করছি। তারা যেকোন মূর্হতে আমাদের বড় ক্ষতি করতে পারে।

এ বিষয়ে হারুনের সাথে কথা বললে তিনি হুমকির বিষযটা অস্বীকার করেন। বিজ্ঞ আদালতের আদেশ অমান্য করে ঘর নির্মান করায় তদন্ত সাপেক্ষে হারুনের বিরুদ্ধে যথাযথ আইনগত ব্যাবস্থা নিতে চুয়াডাঙ্গা পুলিশ সুপারের আশু হস্তক্ষেপ কামনা করেছে এলাকাবাসী সহ সচেতন মহল।